

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 27/12/2025

Desk in Charge :- KL

Time: 1-30 P.M

Compiling :- Abhirup B. / Subhra C.

DEO: KB

NRT : Subhra C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করছেন।
- ২) পশ্চিমবঙ্গে মোট ৩ হাজার ২৩৪ টি কেন্দ্রে আজ শুরু হয়েছে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার গুনানি পর্ব।
- ৩/ অসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ DGCA, ইন্ডিগোর উড়ান চলাচলে বিঘ্ন ঘটার কারণ সংক্রান্ত রিপোর্ট পেশ করেছে।
- ৪/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দশম তথা শেষ শিখ গুরু শ্রী গুরু গোবিন্দ সিং-এর পবিত্র প্রকাশ উৎসবে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।
- ৫/ নগর বাউল নামে বিখ্যাত বাংলাদেশী রক শিল্পী জেমসের ফরিদপুর জেলা স্কুলে বহু প্রতীক্ষিত সঙ্গীতানুষ্ঠান গতকাল সংঘর্ষের কারণে বাতিল হয়ে গেছে।
- ৬/ দোহায় দাবার ফিডে বিশ্ব র‍্যাপিড চ্যাম্পিয়নশিপের প্রথম দিনের প্রথম পাঁচ রাউন্ডের পর বিশ্বচ্যাম্পিয়ন ডি গুরুেশ, অর্জুন এরিগাইসি এবং বিশ্বের এক নম্বর ম্যাগনেনস কার্লসেন এগিয়ে রয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে মুখ্য সচিবদের পঞ্চম জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করছেন। আগামীকাল ও তিনি সম্মেলনের সভাপতিত্ব করবেন। গতকাল শুরু হওয়া তিন দিনব্যাপী এই সম্মেলনের লক্ষ্য হলো জাতীয় উন্নয়নে অগ্রাধিকারের বিষয়ে কাঠামোগত ও ধারাবাহিক আলোচনার মাধ্যমে কেন্দ্র-রাজ্য অংশীদারিত্বকে শক্তিশালী করা। সম্মেলনের ভাবনা ‘বিকশিত ভারতের জন্য মানব সম্পদ’। এবারে বিশেষ জোর দেওয়া হচ্ছে: প্রারম্ভিক শৈশব শিক্ষা, বিদ্যালয় শিক্ষা, দক্ষতা উন্নয়ন, উচ্চশিক্ষা, খেলাধুলা এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম।

রাজ্যগুলির নিয়ন্ত্রণ শিথিলকরণ, প্রশাসনে প্রযুক্তি, বিশ্বমানের পর্যটন কেন্দ্র, আত্মনির্ভর ভারত এবং স্বদেশী, এবং বামপন্থী চরমপন্থা-পরবর্তী ভবিষ্যতের জন্য কৌশল ইত্যাদি বিষয় নিয়ে সম্মেলনে ছয়টি বিশেষ অধিবেশন রয়েছে। সম্মেলনে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিব, উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞসহ অন্যান্যরা অংশগ্রহণ করছেন।

রাজ্য জুড়ে মোট ৩ হাজার ২৩৪ টি শুনানি কেন্দ্র আজ শুরু হয়েছে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্ব। প্রথম পর্বে প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারকে ডাকা হয়েছে। যারা ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে কোনোরকম সম্পর্ক দেখাতে পারেননি, তাদের আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। তবে শুধুমাত্র আধার কার্ডকে নথি হিসেবে বিবেচনা করা হবে না।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, শুনানির যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজারভারের কড়া নজরদারিতে এই শুনানি পর্ব চলবে।

দক্ষিণ ২৪ পরগণা জেলায় মোট ৩ লক্ষ ৩২ হাজার ভোটারকে শুনানির জন্য ডাকা হয়েছে বলে খবর। বেলা বাড়ার সঙ্গে শুনানিতে ডাকা ভোটারদের উপস্থিতি বাড়তে শুরু করেছে। আজ কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ৬৭ থেকে ৭০ নম্বর বুথে মোট ৫৭ জন ভোটারকে শুনানির জন্য ডাকা হয়। সম্পূর্ণ প্রক্রিয়া স্বচ্ছ ও

নিরপেক্ষভাবে সম্পন্ন হয়, সেই দিকে নজর রাখছেন কমিশন নিযুক্ত মাইক্রো অবজার্ভাররা।

অন্যদিকে সীমান্ত লাগোয়া জেলা মুর্শিদাবাদে শুনানির ডাক পেয়েছেন এক লক্ষ ২১ হাজার ৫৯৬ জন ভোটার। এই জেলায় খসড়া ভোটার তালিকায় বাদ গিয়েছেন, ২ লক্ষ ৭৮ হাজার ৮৩৭ জন। শুনানি কেন্দ্রগুলিতে সকাল থেকেই ভিড় জমিয়েছেন ডাক পাওয়া মানুষ।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়া ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার আধিকারিকদের শো-কজ করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, কমিশনের নির্ধারিত সময় অনুযায়ী শুক্রবারের মধ্যে কাজে যোগ দেওয়ার কথা ছিল ওই আধিকারিকদের। কিন্তু তা না করায় তাঁদের কাছে কারণ জানতে চাওয়া হয়েছে। সিইও স্পষ্ট করে জানিয়েছেন, নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব না দিলে সংশ্লিষ্ট আধিকারিকদের সাসপেন্ড করার মতো কড়া পদক্ষেপ নেওয়া হতে পারে।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়ায় শুনানি পর্বে নজরদারির জন্য মোট ৪,৬০০ জন কেন্দ্রীয় সরকারি কর্মী এবং ব্যাঙ্ক, জীবন বিমা-সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার আধিকারিককে মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগ করা হয়েছে। বুধবার কলকাতার নজরুল মঞ্চে দু'দফায় তাঁদের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল। কিন্তু সেখানেই দেখা যায়, মোট ৯২১ জন প্রশিক্ষণে হাজির হননি। পরবর্তী যাচাইয়ে জানা গিয়েছে, এর মধ্যে ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি ও রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার কর্মী।

অসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ, ডিজিসিএ-এর যুগ্ম মহানির্দেশক সঞ্জয়. কে. ব্রাহ্মণে-র নেতৃত্বে গঠিত তদন্ত কমিটি, ইন্ডিগোর উড়ান চলাচলে বিঘ্ন ঘটার কারণ

সংক্রান্ত রিপোর্ট পেশ করেছে। এমাসের ৫ তারিখ কমিটি, এই বিষয়টি পর্যালোচনা করে এবং কোন্ ঘটনার প্রেক্ষিতে সারা দেশজুড়ে বিপুল পরিমাণ বিমান যাত্রা বাতিল করা হয়, তা খতিয়ে দেখে। চার সদস্যের এই কমিটি গতসন্ধ্যায় রিপোর্ট পেশ করেছে।

ডিজিসিএ গঠিত এই চার সদস্যের কমিটি ইন্ডিগো সংস্থার লোকবল, ডিউটি সংক্রান্ত রোস্টার পদ্ধতি এবং সঠিক সময়ে পদক্ষেপ করার প্রস্তুতির বিষয়গুলি খতিয়ে দেখে। দেশজুড়ে এই সংস্থার বিমান চলাচলে ব্যাপক বিঘ্ন ঘটার মূল কারণ চিহ্নিত করতে বলা হয়। এর পাশাপাশি নিয়ন্ত্রক সংস্থা, কমিটিকে সংস্থাটির বিশ্বাসযোগ্যতা এবং এই ধরনের পরিস্থিতিতে সংস্থার দায়িত্বের বিষয়টিও খুঁটিয়ে দেখার নির্দেশ দিয়েছিল।

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এ বছরে দেশের আর্থিক উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কর কাঠামোয় বড়োরকম পরিবর্তন এনেছে। দেশের অগ্রগতিতে জি এস টি হারে পরিবর্তন সহ নতুন কর কাঠামো এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- কাশফিন)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দশম তথা শেষ শিখ গুরু শ্রী গুরু গোবিন্দ সিং-এর পবিত্র প্রকাশ উৎসবে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি বলেন, শ্রী গুরু গোবিন্দ সিং তাঁর অনুসারীদের এমন একটি শক্তিতে একত্রিত করেছিলেন যা ন্যায়বিচার এবং আত্মসম্মানের আদর্শ কে সবার ওপরে স্থান দিয়েছে।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেছেন, শ্রী গুরু গোবিন্দ সিং সাহস, করুণা এবং ত্যাগের প্রতিমূর্তি হিসেবে রয়ে গেছেন। তিনি উল্লেখ করেছেন যে দশম শিখ গুরুর জীবন এবং শিক্ষা মানুষকে সত্য, ন্যায়বিচার এবং একই সঙ্গে মানবিক মর্যাদাকে সমুন্নত রাখে। প্রধানমন্ত্রী আরও বলেন যে, শ্রী গুরু গোবিন্দ সিং-এর সেবা এবং নিঃস্বার্থ কর্তব্যের দৃষ্টিভঙ্গি প্রজন্মের পর প্রজন্মকে পথ দেখিয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ চারদিনের সফরে গোয়া, কর্ণাটক ও ঝাড়খাম যাচ্ছেন। আজ সন্ধ্যায় তিনি গোয়া পৌঁছবেন। আগামীকাল তিনি কর্ণাটকের কারওয়ার বন্দর থেকে সাবমেরিনে সমুদ্রযাত্রা করবেন।

সোমবার তিনি ঝাড়খন্ডের জামশেদপুরে অলচিকি-র শতবার্ষিকী উৎসবে যোগ দেবেন। সাঁওতালি ভাষার পণ্ডিত রঘুনাথ মুর্মু ১৯২৫ সালে অলিচিকি লিপি তৈরী করেছিলেন। এই লিপি সাঁওতাল জনজাতি সম্প্রদায়ের জন্য সাংস্কৃতিক ও ভাষাগত গুরুত্ব বহন করে। ওইদিন জামশেদপুরের NIT-র পঞ্চদশ সমাবর্তনে রাষ্ট্রপতি ভাষণ দেবেন।

৩০ তারিখ রাষ্ট্রপতি ঝাড়খন্ডের গুমলায় অন্তরাজ্য জনসাংস্কৃতিক সমাগম মহাসমারোহ-কার্তিক যাত্রায় যোগ দেবেন।

মহারাজের সন্ত্রাস বিরোধী স্কোয়াডের তদন্তে প্রকাশ পেয়েছে, জঙ্গী গোষ্ঠী আলকায়েদা, আফগানিস্তানে স্থিত সার্ভার এবং নিয়ন্ত্রণ কেন্দ্রগুলির মাধ্যমে ভারতে মৌলবাদী আদর্শ প্রচার করছে। জঙ্গী গোষ্ঠীর সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ধৃত জুবাইর হাঙ্গারগেকারকে জেরা করে এধরনের তথ্য পাওয়া গেছে বলে খবর। ধৃতের কাছ থেকে উদ্ধার হওয়া বিভিন্ন ইলেক্ট্রনিক ডিভাইসের অনলাইন পরিচয় পত্রগুলি আফগানিস্তান এবং হংকং-এ নথিভুক্ত হয়েছে। তদন্তকারীরা জানিয়েছেন, এই যোগাযোগকে আড়াল করতে হংকং-কে রাউটিং হাব হিসাবে ব্যবহার করা হয়েছে। অভিযুক্তের সঙ্গে যোগাযোগকারী পাকিস্তান, সৌদি আরব, কুয়েত এবং ওমানের সংযোগও তদন্তকারীদের আতস কাঁচের তলায় রয়েছে।

নগর বাউল নামে বিখ্যাত বাংলাদেশী রক শিল্পী জেমসের ফরিদপুর জেলা স্কুলে বহু প্রতীক্ষিত সঙ্গীতানুষ্ঠান গতকাল সংঘর্ষের কারণে বাতিল হয়ে গেছে। অনুষ্ঠান স্থলে আহত হয়েছেন অন্তত পক্ষে ২৫ জন। একদল বহিরাগত অনুষ্ঠান স্থলে জোর করে ঢোকার চেষ্টা করলে উত্তেজনা বাড়ে। শুরু হয় ইটের টুকরো ও পাথর ছোঁড়া। ছাত্ররা এই ঘটনা আটকাতে গেলে শুরু হয় হাতাহাতি, আহত হন বহু মানুষ। আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ায় জেলা প্রশান উদ্যোক্তাদের অনুষ্ঠান বাতিল করার নির্দেশ দেয়। এরপরই দ্রুত অনুষ্ঠান বাতিলের ঘোষণা করা হয়। ফারুক মেহেফুজ আনম জেমস ওরফে জেমসের নাম বাংলাদেশে রক সঙ্গীতে পুরোধা হিসাবে গণ্য হয়।

ইসরায়েল, সোমালিয়ার বিচ্ছিন্ন অঞ্চল সোমালিল্যান্ডকে একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিয়েছে। প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলেছেন, ইসরায়েল অবিলম্বে কৃষি, স্বাস্থ্য এবং প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণ করতে চায়। সোমালিল্যান্ডের প্রেসিডেন্ট আবদিরহমান মোহাম্মদ আবদুল্লাহি এই ঘটনাকে একটি ঐতিহাসিক মুহূর্ত হিসেবে বর্ণনা করেছেন।

ইসরায়েলের বিদেশমন্ত্রী গিডিওন সার এক বিবৃতিতে বলেছেন, দুই দেশ পূর্ণাঙ্গ কূটনৈতিক সম্পর্ক স্থাপনে সম্মত হয়েছে। দুই দেশের মধ্যে দূতাবাস খোলা এবং রাষ্ট্রদূত পাঠানোর প্রক্রিয়া শুরু হচ্ছে।

এই ঘটনার প্রতিক্রিয়ায় সোমালিয়ার প্রধানমন্ত্রী হামজা আবদি বারে বলেছেন, তার দেশ ইসরায়েলের এই পদক্ষেপকে তাদের সার্বভৌমত্বের ওপর একটি ইচ্ছাকৃত আক্রমণ হিসেবে আখ্যা দিয়ে তা স্পষ্টভাবে এবং দ্ব্যর্থহীনভাবে প্রত্যাখ্যান করেছে। এদিকে, ইসরায়েলের ঘোষণা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে মিশরের পররাষ্ট্রমন্ত্রী সোমালিয়া, তুরস্ক এবং জিবুতির বিদেশ মন্ত্রীদের সঙ্গে আলাদাভাবে ফোনে কথা বলেছেন। সংশ্লিষ্ট দেশের বিদেশ মন্ত্রীরা এই সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়েছেন এবং ইসরায়েলের ঘোষণা প্রত্যাখ্যান করেছেন।

এডেন উপসাগরে মালিল্যাণ্ডের অবস্থান। এদের নিজস্ব মুদ্রা, পাসপোর্ট ও পুলিশ বাহিনী রয়েছে। প্রাক্তন স্বৈরশাসক জেনারেল সিয়াদ বারের বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধের পর ১৯৯১ সালে এটি গঠিত হয় এবং তখন থেকে কয়েক দশক ধরে বিচ্ছিন্নতার সাথে লড়াই করে আসছে। প্রায় ষাট লক্ষ জনসংখ্যার এই স্ব-ঘোষিত প্রজাতন্ত্রটি সম্প্রতি সোমালিয়া, ইথিওপিয়া এবং মিশরকে জড়িত বেশ কয়েকটি আঞ্চলিক বিরোধের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে।

দোহায় দাবার ফিডে বিশ্ব র‍্যাপিড চ্যাম্পিয়নশিপের প্রথম দিনের প্রথম পাঁচ রাউন্ডের পর বিশ্বচ্যাম্পিয়ন ডি গুকেশ, অর্জুন এরিগাইসি এবং বিশ্বের এক নম্বর ম্যাগনেস কার্লসেন এগিয়ে রয়েছেন। প্রথম দিনে তিনজনেই ৪. ৫ পয়েন্ট পেয়ে শেষ করেছেন। এরিগাইসির বিরুদ্ধে কার্লসেন প্রথম ৪টি গেম জেতার পর চূড়ান্ত রাউন্ডে ড্র করেন। গুকেশ প্রথম রাউন্ডে ড্র এর পর, পরপর চারটি গেম জেতেন। আর প্রজ্ঞানন্দর প্রথম দিন টি ছিল ভাল-মন্দয় মেশানো। রাউন্ড ফোরে হারের পর, তিনি ৩ পয়েন্টে শেষ করেন।

মহিলা বিভাগে চীনের ব্লু জিনার চারটি গেম জিতে একক ভাবে এগিয়ে রয়েছেন।
৩.৫ পয়েন্ট পেয়ে সাতজন খেলোয়াড় তার পরেই রয়েছেন। এদের মধ্যে ভারতের ডি
হারিকাও রয়েছেন।
